



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২০ জুলাই ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

রাঙামাটির নানিয়াচরে সাবেক উপজেলা চেয়ারম্যানকে অপহরণের নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের প্রধান সংগঠক শান্তিদেব চাকমা আজ ২০ জুলাই ২০১৮ শুক্রবার এক বিবৃতিতে গতকাল রাঙামাটির নানিয়াচরে সাবেক্ষ্য ইউনিয়নের চেয়ারম্যান পাড়ার নিজ বাড়ি থেকে সাবেক নানিয়াচর উপজেলা পরিষদ চেয়ারম্যান প্রীতিময় চাকমাকে অপহরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং অবিলম্বে তাকে উদ্ধারে তড়িৎ ও কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অপহরণকারীদের কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন এবং ঘটনার বর্ণনা দিয়ে বলেন, গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে সেনা-সৃষ্ট নব্য মুখোশ বাহিনী ও জেএসএস সংস্কারবাদের সশস্ত্র দুর্বৃত্তরা তাকে অপহরণের পর ইঞ্জিন চালিত বোটে করে সন্নাসী-আস্তানা মহালছড়ি উপজেলার মুবাছড়ির দিকে নিয়ে যায়।

শান্তিদেব চাকমা পার্বত্য চট্টগ্রামে অশান্তি সৃষ্টির জন্য সেনা-সংস্কার-নব্যমুখোশ ত্রয়ীকে দায়ী করে বলেন, গত বছর ১৫ নভেম্বর নব্য মুখোশ বাহিনী নামে একটি সন্নাসী গোষ্ঠীকে জন্ম দেয়ার পর থেকেই বিভিন্ন এলাকায় খুন, অপহরণ, মুক্তিপণ আদায় ও চাঁদাবাজির ঘটনা অবিরামভাবে ঘটে চলেছে।

তিনি শাসকগোষ্ঠীর বিরুদ্ধে সংস্কারবাদী ও নব্য মুখোশ বাহিনীকে দিয়ে ইউপিডিএফ-এর নেতৃত্বে পরিচালিত গণতান্ত্রিক গণআন্দোলন দমনের অভিযোগ করেন এবং অবিলম্বে জুম্ম দিয়ে জুম্ম ধ্বংসের জঘন্য ষড়যন্ত্র বন্ধের দাবি জানান।

সম্প্রতি নব্য মুখোশ বাহিনী ও সংস্কারবাদী জেএসএস থেকে স্বাভাবিক জীবনে ফিরে কয়েকজন সদস্য কর্তৃক গোপন তথ্য ফাঁস করে দেয়ার ঘটনা উল্লেখ করে ইউপিডিএফ নেতা বিশ্বয় প্রকাশ করে বলেন, দেশের সংবিধান ও আইনের বলে প্রতিষ্ঠিত বাংলাদেশ সেনাবাহিনীর কতিপয় কর্মকর্তা কীভাবে নিরীহ লোকজন খুন করতে নব্য মুখোশ বাহিনী ও সংস্কারবাদীদের কাছে অস্ত্র ও গোলাবারুদ সরবরাহ করতে পারে!

তিনি অবিলম্বে কতিপয় সেনা কর্মকর্তা কর্তৃক সন্নাসীদের অস্ত্র ও গোলাবারুদ সরবরাহের ঘটনার নিরপেক্ষ তদন্ত ও এর সাথে জড়িতদের কঠোর শাস্তি প্রদানের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।